

এস আর ই কি?

এস আর ই (Sex and Relationships Education) মানে যৌন সম্পর্ক এবং পারস্পরিক সম্পর্ক বিষয়ে শিক্ষা। এক দশকের ও বেশি সময় থেকে স্কুলগুলোতে এস আর ই বিষয়ে শিক্ষা দেয়া হচ্ছে। ২০২০ এর সেপ্টেম্বর মাস থেকে এস আর ই তে তিনটি বিষয় নতুন করে সংযুক্ত হবে এবং এস আর ই ক্লাস থেকে বাচ্চাকে সরিয়ে নেয়ার ব্যাপারে পিতামাতার অধিকার হ্রাস করা হবে।

এই মুহূর্তে পিতামাতার কি অধিকার আছে?

বর্তমানে পিতামাতা ১৯ বছর বয়স পর্যন্ত বিজ্ঞান বিষয়ের বাহিরে সব রকম যৌন সম্পর্ক বিষয়ের ক্লাস থেকে তাদের বাচ্চাকে সরিয়ে রাখতে পারবে (১ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত)।

এস আর ই শিক্ষাদানের ব্যাপারে পিতামাতার প্রধান সমস্যা কোথায়?

১। শেখানোর জিনিসগুলো বয়স অনুপযোগী।

২। বাচ্চাদের বয়ঃসন্ধিকালের আগেই প্রাপ্তবয়স্কদের বিষয়ে আলোচনা করা।

৩। বাচ্চাদের স্কুলে এ সম্পর্কে কি শিখানো হবে, কখন শেখানো হবে এব্যাপারে স্কুলগুলোর স্বচ্ছতার অভাব এবং পিতামাতার সাথে ফলপ্রসূ আলোচনার অভাব।

প্রাইমারী স্কুলে এস আর ই তে কি কি পরিবর্তন হবে?

- সব প্রাইমারী স্কুলে রিলেশনশিপ এডুকেশন বা পারস্পরিক সম্পর্ক বিষয় বাধ্যতামূলক করা হবে (একাডেমী, ফ্রি স্কুল , স্বতন্ত্র স্কুল সমূহ) – পিতামাতা এই বিষয়ের ক্লাস থেকে বাচ্চাকে সরানোর অধিকার থাকবে না।
- তবে যদি কোন প্রাইমারী স্কুল যৌন শিক্ষা বিষয় সম্পর্কে পড়াতে চায় সেক্ষেত্রে পিতামাতার অধিকার থাকবে বিজ্ঞান বিষয়ের বাহিরে সব রকম যৌন সম্পর্ক বিষয়ের ক্লাস থেকে বাচ্চাকে সরিয়ে রাখার।

সেকেন্ডারী স্কুলে এস আর ই তে কি কি পরিবর্তন হবে?

- এস আর ই বা যৌন সম্পর্ক এবং পারস্পরিক সম্পর্ক বিষয়ে শিক্ষা সব সেকেন্ডারী স্কুলে বাধ্যতামূলক করা হবে (একাডেমী, ফ্রি স্কুল , স্বতন্ত্র স্কুল সমূহ)
- পিতামাতা এস আর ই –র রিলেশনশিপ এডুকেশন অংশ বা পারস্পরিক সম্পর্ক বিষয়ের ক্লাস থেকে বাচ্চাকে সরানোর অধিকার থাকবে না।
- তবে পিতামাতা এস আর ই – র সেক্স এডুকেশন অংশ বা যৌন শিক্ষা বিষয় থেকে বাচ্চাকে সরিয়ে রাখার অনুরোধ করতে পারবে।
- যৌন শিক্ষা বিষয় থেকে বাচ্চাকে সরিয়ে রাখার জন্য পিতামাতাকে প্রধান শিক্ষকের নিকট অনুরোধ করতে হবে।
- যদি অনুরোধ গৃহীত হয় তাহলে বাচ্চাকে তিনটি স্কুল টার্ম এই বিষয় থেকে সরিয়ে রাখা যাবে। কিন্তু বাচ্চার ১৬ বছর হয়ে গেলে সেক্স এডুকেশন অংশ বা যৌন শিক্ষা বিষয় শিখার ব্যাপারে বাচ্চার মতকে প্রাধান্য দেয়া হবে।
- বিজ্ঞান পাঠের অংশ হিসাবে প্রদত্ত যৌন শিক্ষা থেকে পিতামাতা কোন বাচ্চাকে সরাতে পারবে না।

প্রাইমারী স্কুলে এই পরিবর্তনের সাথে কি কি বিষয় বিবেচনা করা প্রয়োজন?

- কোন প্রাইমারী স্কুলে পারস্পরিক সম্পর্ক বিষয় থেকে যৌন শিক্ষার বিষয়কে আলাদা করার ক্ষেত্রে কি কি সাবধানতা/নিরাপত্তামূলক ব্যবস্থা রয়েছে? এটি জানা জরুরী কারণ এটা না জানলে পিতামাতা তাদের সন্তানদেরকে যৌন শিক্ষার ক্লাস থেকে সরিয়ে নেয়ার অধিকার প্রয়োগ করতে পারবে না।
- যদি কোন স্কুল এরকম করে তাহলে পিতামাতা বিষয়টি কোথায় উত্থাপন করবে বা কাকে জানাবে?

সেকেন্ডারী স্কুলে এই পরিবর্তনের সাথে কি কি বিষয় বিবেচনা করা প্রয়োজন?

- এস আর ই মূলত দুটি বিষয়ের সমন্বয়। একটি হল যৌন শিক্ষার বিষয়- যেটা থেকে পিতামাতা তাদের সন্তানকে সরিয়ে রাখার অনুরোধ করতে পারবে। অন্যটি হল পারস্পরিক সম্পর্ক বিষয় – যেটা থেকে পিতামাতা তাদের সন্তানকে সরিয়ে রাখার অনুরোধ করতে পারবে না। সরকার দুটি বিষয়ের মধ্যে কোন সুস্পষ্ট পার্থক্য নির্ধারণ করেনি, তাই সেকেন্ডারী স্কুলগুলোই সিধাস্ত নিবে যে তারা দুটি বিষয়ের মধ্যে কি কি রাখবে। স্কুলগুলোতে দ্বন্দ্ব তৈরির ক্ষেত্রে এটি একটি প্রধান ভূমিকা পালন করবে। কারণ কোন স্কুল যে টপিক যৌন শিক্ষার সিলেবাসে রাখবে, অন্য স্কুল সেটাকে পারস্পরিক সম্পর্ক বিষয়ে রাখবে। ফলে এক স্কুলের পিতামাতা যে টপিক থেকে বাচ্চাকে সরানোর অধিকার রাখবে অন্য স্কুলের পিতামাতা সে টপিক থেকে বাচ্চাকে সরানোর অধিকার থাকবে না কারণ তাদের সিলেবাস আনুযায়ী সেই টপিক পারস্পরিক সম্পর্ক বিষয়ের টপিক।
- যৌন শিক্ষার ক্লাস থেকে সরানোর জন্য পিতামাতাকে প্রধান শিক্ষকের নিকট আবেদন করতে হবে। প্রধান শিক্ষক এই আবেদন অনুমোদন বা প্রত্যাখ্যান করতে পারবেন। সরকার আমাদের আশ্বস্ত করেছে যে, প্রধান শিক্ষকরা বেশিরভাগ ক্ষেত্রে অনুরোধগুলো অনুমোদন করবেন তবে বিশেষ কারণ দেখিয়ে অনুরোধ প্রত্যাখ্যানও করতে পারবে। অনুরোধগুলো কি কারণে প্রত্যাখ্যান করতে পারবে বা বিশেষ কারণগুলো কি কি তা সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করা হয়নি। পিতামাতার অনুরোধ প্রত্যাখ্যান করা হলে আপিল করার বিষয়ে সরকার কোন সুস্পষ্ট নীতিমালা রাখেনি। অনুরোধ প্রত্যাখ্যান এর বিশেষ কারণগুলো কি হবে তা নির্ধারণ করার ক্ষমতা সরকার পুরোপুরি স্কুলের হাতে তুলে দিয়েছে।

এস আর ই/ আর ই / আর এস ই ক্লাসে কি পড়ানো হচ্ছে যে, তা নিয়ে পিতামাতা এত উদ্বিগ্ন ?

- ক্লাসে খোলামেলা ছবির ব্যবহার;
- পিতামাতার সাথে যথাযথ পরামর্শের অভাব;
- বাচ্চারা বয়ঃসন্ধিকালে পৌছার আগেই প্রাপ্তবয়স্ক ও যৌন সম্পর্ক বিষয়ে শিক্ষাদান।